



আগামী ১৭ই মার্চ ২০২১ থেকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপনের লক্ষ্যে অনুষ্ঠান  
আয়োজন বিষয়ে পর্যালোচনা সভার কার্যবিবরণী

|            |   |
|------------|---|
| সভাপতি     | মোঃ নুরুলমবী<br>মহাপরিচালক (অতিরিক্ত সচিব)      |
| সভার তারিখ | ০৮ মার্চ ২০২১                                   |
| সভার সময়  | ১২.০০ টায়                                      |
| স্থান      | খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর সভা কক্ষ। |
| উপস্থিতি   | পরিশিষ্ট-ক                                      |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি সভার শুরুতে সকলকে করোনা পরিস্থিতিতে স্বাস্থ্য বিধি মেনে কাজ করতে বলেন। চলমান বৈশ্বিক মহামারী কোভিড-১৯ এর কারণে মুজিব বর্ষের সময়কাল পূর্ব ঘোষিত ১৭ মার্চ ২০২০ তারিখ হতে মার্চ ২০২১ তারিখের পরিবর্তে ১৬ ডিসেম্বর ২০২১ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবনে ১৭ মার্চ ২০২১ তারিখে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে মর্মে নির্দেশনা রয়েছে। উপপরিচালক জানান, বিএমডির অফিস ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের ০১ (এক) টি মাত্র ফ্লোরে অবস্থান হওয়ায় এবং ভবনের মূল মালিক জিএসবি হওয়ায় এই নির্দেশনা জিএসবি কর্তৃক প্রতিপালিত হবে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের গত ০৩.০৩.২০২১ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে এবং খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর নিজস্ব কর্মসূচি গ্রহণ করার বিষয়ে আলোচনা হয় এবং নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :

## ২। সিদ্ধান্ত :

- ১৭ মার্চ ২০২১ তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অধীন গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লিমিটেড (জিটিসিএল)-এ নির্মিত জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধা জ্ঞাপনের জন্য পুষ্পস্তবক, ব্যানার ইত্যাদি যথাসময়ে প্রস্তুতির সিদ্ধান্ত গৃহীত হয়;
- ১৭ মার্চ ২০২১ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-তে আলোচনা সভা, দোয়া, মোনাজাত ও প্রার্থনার আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়;
- মুজিববর্ষ উদযাপনের সাথে সামঞ্জস্যপূর্ণ নান্দনিক ড্রপডাউন ব্যানার প্রস্তুতির সিদ্ধান্ত গৃহীত হয়;
- অফিস আঞ্জিনা পরিষ্কার পরিচ্ছন্ন রাখা ও সৌন্দর্যবর্ধন এবং কিছু ফুলের গাছ ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়;
- মুজিব কর্নার স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়;
- জন্মশতবার্ষিকীর বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নকালে জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক কেন্দ্রীয়ভাবে তৈরীকৃত থিম সংগীত ব্যবহারের সিদ্ধান্ত গৃহীত হয়;

৩.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(Nurul.)

মোঃ নুরুলমবী

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

স্মারক নম্বর: ২৮.০৭.০০০০.০০৪.২৩.০০৪.২০.৮১

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৭

০৯ মার্চ ২০২১

অনুলিপি : অবগতি/অবগতি ও কার্যার্থে

- ১) সিনিয়র সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ২) উপপরিচালক (সকল),....., বিএমডি, ঢাকা;
- ৩) সহকারী পরিচালক (সকল).....বিএমডি, ঢাকা ;
- ৪) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিএমডি, ঢাকা;
- ৫) অফিস কপি।



মোসামঃ মাহবুবা খাতুন  
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)